***প্রশ্ন : ৪। 'তিনি প্রাণরক্ষা বিষয়ে এক প্রকার হতাশ হইয়া, লোকালয়ের উদ্দেশে ইতস্তত ধাবমান হইলেন।'—এখানে প্রাণরক্ষা বিষয়ে কে হতাশ হয়েছিলেন? —কেন হয়েছিলেন? —আর কেনই বা লোকালয়ের উদ্দেশে ইতস্তত ধাবমান হয়েছিলেন?*** ২ + ২ + ২

● **উত্তর** : এখানে প্রাণরক্ষা বিষয়ে এক রকম হতাশ হয়ে লোকালয়ের উদ্দেশে ইতস্তত ধাবমান হয়েছিলেন যিনি, তিনি হলেন, 'আমেরিকার য়ুরোপীয় ব্যক্তিটি'। লেখকের ভাষায় যিনি 'বয়স্যবর্গ সমভিব্যাহারে' বের হয়েছিলেন মৃগয়া করতে। অর্থাৎ শিকারে।

❑ হরিণের খোঁজে জঙ্গালে এদিক-ওদিক বিস্তর ঘোরাঘুরির পর শেষে ঢুকে পড়েছিলেন গভীর জঙ্গালে। হারিয়ে ফেলেছিলেন বন্ধুবান্ধবদের সঙ্গো যোগাযোগ। —সন্ধ্যার সময় দেখা গেল, তিনি জঙ্গাল থেকে বের হবার পথ হারিয়ে ফেলেছেন। —এই রকম অবস্থায় পড়ে য়ুরোপীয় ব্যক্তিটি প্রাণরক্ষা বিষয়ে হতাশ হয়ে পড়েছিলেন।

❑ তিনি ভেবেছিলেন লোকালয়ের দিকে যেতে না পারলে সেই জঙ্গালেই তিনি মারা পড়বেন।

❑ তাই অন্ধকারের মধ্যে নিজের প্রাণরক্ষা করার জন্য লোকালয়ের পথ খুঁজে বের করতে তিনি এদিক ওদিক দৌড়াতে থাকলেন। লেখকের ভাষায়, তিনি ইতস্তত ধাবমান হতে থাকলেন।

***প্রশ্ন : ৫। আমেরিকার আদিম নিবাসী এবং আমেরিকার য়ুরোপীয় ব্যক্তি, দুই জনেই বনে গিয়েছিলেন মৃগয়া করতে, বনে গিয়ে দু'জনের অভিজ্ঞতা কী একইরকম হয়েছিল? —দু'জনের মৃগয়ার বিবরণ আলাদা করে দেখাও।*** ৩ + ৩

● **উত্তর**: আমেরিকার আদিম নিবাসী ব্যক্তি, বনে গিয়েছিলেন মৃগয়া করতে। অর্থাৎ পশু শিকারে।

পশুর খোঁজে তিনি সারাদিন ধরে বনে বনে ঘুরে বেড়িয়েছেন। এইভাবে ঘুরে বেড়াবার জন্য তিনি খুবই পরিশ্রান্ত এবং ক্ষুধা-তৃষ্ণায় কাতর হয়ে পড়েছিলেন।

❑ আমেরিকার য়ুরোপীয় ব্যক্তিটি ওই ভাবেই শিকারে গিয়েছিলেন, তবে তিনি একা যান নি। গিয়েছিলেন 'বয়স্যবর্গ সমভিব্যাহারে', অর্থাৎ বন্ধুবান্ধব নিয়ে। শিকারের খোঁজে তাঁকেও বিস্তর এদিক ওদিক ঘুরে বেড়াতে হয়েছিল। ঘুরতে ঘুরতে তিনি বন্ধুবান্ধবদের সঙ্গা থেকে বিচ্ছিন্ন হয়ে গভীর জঙ্গালে ঢুকে পড়েছিলেন। এদিকে নেমে পড়ল সন্ধ্যা। তিনি জঙ্গাল থেকে বের হবার পথ ফেললেন হারিয়ে। কোন্ দিকে লোকালয়, তা ঠিক করতে পারলেন না। —বন্ধুবান্ধবদের নাম ধরে ডাকাডাকি করতে থাকলেন। কিন্তু কারও সাড়া পেলেন না। তখন তাঁর মনে ভয়ে ঢুকে গেল। আসলে তখন তিনি পরিশ্রান্ত, ক্ষুধার্ত ও তৃষ্ণার্ত হয়ে পড়েছিলেন।